দৈনিক ইনকিলাব
19 APR 1988 010

তারিখ 19 APR 1988
পৃষ্ঠা 1 3
ডকুমেন্টেশন কেন্দ্র



এইচএসসি পরীক্ষার রুটিন পরিবর্তনের দাবীতে গতকাল ছাত্র-ছাত্রীরা ঢাকায় এক মিছিল বের করে —ইনকিলাব

# ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষার রুটিন নিয়ে ব্যাপক অসন্তোষ বিষয়টি পুনর্বিবেচনা প্রয়োজন

॥ মোঃ আবদুর রহীম ॥

এইচএসসি পরীক্ষা প্রতিবারই হয়— এবারও হবে। পরীক্ষার রুটিনও প্রতিবার দেয়া হয়; এবারও হয়েছে। কিন্তু ঢাকা বোর্ডের পরীক্ষার রুটিন নিয়ে মিছিল বের করা হয়েছে। ছাত্ররা এ নিয়ে আন্দোলন করছে। রুটিনের বিরুদ্ধে গণস্বাক্ষর অভিযান শুরু হয়েছে। পরীক্ষার রুটিনের উপর অভিযোগ করে বহু পত্র আমাদের হস্তগত হয়েছে। পত্রসমূহে যে সকল অভিযোগ করা হয়েছে তা মোটেও ফেলে দেয়ার নয়। ২-এর পৃষ্ঠায় দেখুন

## পরীক্ষার রুটিন

প্রথম পৃষ্ঠার পর

### বৈচিত্রতা

সচরাচর এইচএসসি পরীক্ষার রুটিন করার সময় বিরতি দেয়া হয়। বিশেষ করে বাংলা এবং ইংরেজী পরীক্ষার বেলায় প্রথম ও দ্বিতীয়পত্র পৃথক পৃথক তারিখে করা হয়। অথচ এবারের রুটিনে পরীক্ষার মাঝখানে বিরতি নেই বললেই চলে। এর পরও বাংলা প্রথম ও দ্বিতীয়পত্র পরীক্ষা একইদিনে করা হয়েছে। লক্ষ্যণীয় বিষয় হচ্ছে— একটি বিষয়ের দু'টি পত্রের মাঝখানে অন্য একটি বিষয় ঢুকিয়ে দেয়া হয়েছে। গার্হস্থ্য অর্থনীতি দু'টি পত্রের মাঝখানে পৌর বিজ্ঞান ঢুকিয়ে দেয়া হয়েছে। একইভাবে সমাজকল্যাণ দু'টি পত্রের মাঝখানে ইসলামের ইতিহাস ঢুকিয়ে দেয়া হয়েছে। বাংলা, ইংরেজী ছাড়াও গুরুত্বপূর্ণ বিষয় যেমন— বিজ্ঞান, হিসাববিজ্ঞান, ইতিহাস প্রভৃতি বিষয়ের ক্ষেত্রে অন্যান্যবারের মত কোন বিরতি রাখা হয়নি।

### সমস্যা

পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে স্বভাবতঃই ছাত্র-ছাত্রীদের বিষয়গুলো পুনঃপাঠের প্রয়োজন আছে। কিন্তু এবারের পরীক্ষার রুটিনে পরীক্ষার্থীদের সে সুযোগটি দেয়া হয়নি।

পরীক্ষার্থীরা এ পর্যন্ত পর পর দু'টি বন্যা পরবর্তীতে বর্তমানে দারুণ গরমে নানাভাবে আক্রান্ত। উল্লেখিত সমস্যার পাশাপাশি মশার অত্যাচারে শহরের পরীক্ষার্থীদের পড়াশুনায় বিঘ্ন ঘটেছে। উল্লেখিত কারণে ছাত্র-ছাত্রীদের প্রস্তুতি এমনিতেই কম, তার উপর ঢাকা বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের উপর এ ধরনের একটি পরীক্ষার রুটিন চাপিয়ে দিয়েছেন। "এ যেন মরার উপর খাড়ার ঘা।" ছাত্র-ছাত্রীদের স্বার্থেই পরীক্ষার রুটিন পরিবর্তন অপরিহার্য বলে অভিজ্ঞজনদের অভিমত।

### কারণ কি?

এবারের এইচএসসি পরীক্ষার রুটিন তৈরীতে ঢাকা বোর্ড কর্তৃপক্ষের খামখেয়ালী স্পষ্ট হয়ে ধরা পড়েছে। পরীক্ষার্থী এবং অভিভাবকদের মতে এ খামখেয়ালী কি ইচ্ছাকৃত? না কোন বিশেষ স্বার্থে এটি করা হয়েছে? গত এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রের উপরও পত্রিকান্তরে ব্যাপক সমালোচনা হয়েছে। সবকিছু মিলিয়ে ঢাকা বোর্ডের পূর্ব গৌরব আজ আর নেই। ঢাকা বোর্ডের হারানো গৌরব উদ্ধারের কি কোন ব্যবস্থা নেই?

গতকাল ঢাকায় দেশের ৪টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের এক জরুরী বৈঠকে এইচ এস সি পরীক্ষার রুটিন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আজ শিক্ষামন্ত্রীর সাথে এ বিষয়ে বোর্ডের চেয়ারম্যানদের বৈঠক হবার সম্ভাবনা রয়েছে। বিষয়টি পুনর্বিবেচনা করা হতে পারে বলে ওয়াকেবহাল মহল জানিয়েছেন।

### স্মারকলিপি

ঢাকা মহানগরী ছাত্র ইউনিয়ন গতকাল এক বিবৃতিতে এইচ এস সি পরীক্ষার সময়সূচী পরিবর্তন করে দু'টি পরীক্ষার মধ্যে অন্ততঃ ১ দিন বিরতি দিয়ে নতুন রুটিন করার আহবান জানিয়েছে।

ঘোষিত রুটিন বাতিলের দাবীতে ছাত্র ইউনিয়ন গতকাল এক বিক্ষোভ মিছিল বের করে এবং মিছিল শেষে বোর্ড কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি প্রদান করে।